সমকাল

তারিখ ... 14 FEB 2016 ...
পৃষ্ঠা ... ৪ ... কলাম ... ৪ ...

## শাহজালালে পণ্য জব্দ

# ছাত্রলীগ নেতাসহ আসামি ১৫

■ সমকাল প্রতিবেদক

৪৮৪ জোড়া পাঞ্জাবি আর জুতা জব্দ করার ১৬ দিন পর মামলা করেছে ঢাকা কাস্টম হাউস কর্তৃপক্ষ। আসামি করা হয়েছে দার্জিলিংয়ের কলেজের এক শিক্ষার্থী ও ছাত্রলীগ নেতাসহ অজ্ঞাত ১০-১৫ জনকে। ঢাকার শাহজালাল বিমানবন্দরে অবৈধ পণ্য খালাসচেষ্টায় এ মামলা করা হয়। বুধবার রাতে করা মামলাটি এখন তদন্ত করছে বিমানবন্দর থানা পুলিশ।

পুলিশ জানায়, ২৫ জানুয়ারি শাহজালাল বিমানবন্দরে অবৈধভাবে আনা তিন কার্টনভর্তি ৪৮৪ জোড়া পাঞ্জাবি ও লেডিস জুতা জব্দ করে ঢাকা কাস্টমস হাউসের প্রিভেন্টিভ টিম। অবৈধভাবে আনা ওই পণ্যের প্রকৃত মালিক ফ্যাশন কোর ডটকম নামে ভারতীয় একটি প্রতিষ্ঠান। পণ্যগুলো খালাসের জন্য কর্তৃপক্ষের কাছে লিখিত আবেদন করে মতিঝিলের ঝর্ণা এজেন্সি।

ঘটনার সঙ্গে জড়িতদের বাদ দিয়ে মামলায় সাধারণ মানুষকে হয়রানির অভিযোগ উঠেছে কাস্টমস কর্তৃপক্ষের বিরুদ্ধে। ভুক্তভোগীরা জানায়, প্রকৃত অপরাধীকে আড়াল করতে কাস্টমস কর্তৃপক্ষ এমন করেছে। এমনকি এ মামলায় ভারতের দার্জিলিংয়ের একটি কলেজের নয়ন নামের এক শিক্ষার্থী ও বিমানবন্দর থানা ছাত্রলীগ নেতা লিজাউর রহমান বিপুলসহ ১৫ জনকে আসামি করা হয়েছে। তবে ঘটনার দিন বিকেলে নিয়োগ পাওয়া করাদি গ্যারান্টার এওয়াইজেড এক্সপ্রেস নামে কুরিয়ার সার্ভিসের মালিক জাফরের নাম রহস্যজনক কারণে মামলায় রাখা হয়নি। ঢাকা কাস্টমসের সহকারী রাজস্ব কর্মকর্তা মো. ইয়াকুব জাহিদ বলেন, যথাযথ নিয়ম মেনেই মামলা করা হয়েছে। যারা অবৈধভাবে মাল খালাসের চেষ্টা করেছেন, শুধু তাদেরই আসামি করা হয়েছে। তবে এ ঘটনায় মামলা করতে ১৬ দিন সময় লাগল কেন, তার কোনো উত্তর দেননি তিনি। এ ব্যাপারে বিমানবন্দর থানার ওসি এম কামাল উদ্দিন সমকালকে জানান, কাস্টমসের মামলাটি তদন্ত করছে পুলিশ। তদন্তে আসল রহস্য বেরিয়ে আসবে।